

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.২৪.২০১৯-২৭৪

তারিখঃ

১১ জুলাই ২০২৬

২৪.০৪.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মাহাবুব আরা আক্বাহী (১১২৭২৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চকরিয়া, কক্সবাজার গত ২৫/০৮/২০১৮ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুজলা ও আপিলা) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৩.০৩.২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৯-১৫৪ নং স্মারকে বিভাগীয় মামলা পুঞ্জ করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;


যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মাহাবুব আরা আক্বাহী (১১২৭২৩) গত ২৫.০৮.২০১৮ হতে ৩১.০১.২০১৯ তারিখ পর্যন্ত পীরগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রংপুরে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি Arthrities ও Pre-diabetes এ আক্রান্ত হয়ে অসুস্থ হলে ছুটির দরখাস্ত দাখিল করেন। কিন্তু যথাসময়ে ছুটির অননুমোদন না হওয়ায় ও ছুটি বিষয়ে তার অজ্ঞানতার জন্য তিনি উক্ত সময়ে কর্মস্থলে হাজির হতে পারেননি। তিনি তার এ কাজের জন্য লজ্জিত ও ক্ষমাপ্রার্থী। তবে একজন সরকারি কর্মকর্তা হিসেবে তার যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ছুটিতে যাওয়া সমীচীন ছিল। তিনি বর্তমানে কর্মস্থলে নিয়মিত উপস্থিত আছেন এবং কর্তব্য সঠিকভাবে পালন করছেন।

সেহেতু, ডাঃ মাহাবুব আরা আক্বাহী (১১২৭২৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চকরিয়া, কক্সবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, সন্তোষজনক হওয়ায় এবং বর্তমানে চাকুরিরত রয়েছেন বিষয়। তাকে এবারের মত সতর্ক করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ২৫.০৮.২০১৮ হতে ৩১.০১.২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫ মাস ৬ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ২৪.০৪.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৯-২৭৪/১০০০

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (পার-১/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক (শুজলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, কক্সবাজার।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া, কক্সবাজার।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মাহাবুব আরা আক্বাহী (১১২৭২৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চকরিয়া, কক্সবাজার (পিডিএস ঠিকানাঃ হাজি কাজিমুদ্দিন রোড, লক্ষীনারায়ণপুর, মাইজদি কোর্ট) (স্থায়ী ঠিকানাঃ মাকসুদা এভারগ্রীণ, হাউজ নং-৫/১২/বি রক. লালমাটিয়া হাউজিং সোসাইটি, ঢাকা)।
- ১১। অফিস কপি।


আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুষ্কলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৭-২৭৫

তারিখঃ

১০ বৈশাখ ১৪২৬
২৪.০৪.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ আবদুল খালেক (১০১৬১৫), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরশুরাম, ফেনী ১৭ মার্চ, ২০১৭ খ্রিঃ “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস” উপলক্ষে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সরকারি হাসপাতালসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করার নির্দেশনা থাকলেও মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের উন্নতমানের খাবার পরিবেশন করেনি, ১৭ মার্চ, ২০১৭ খ্রিঃ “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস” যথাযোগ্য মর্যাদায় মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পালন করেননি; ১৪ এপ্রিল, ২০১৭ খ্রিঃ পহেলা বৈশাখ ১৪২৪ উপলক্ষে সরকারি হাসপাতালসমূহে উন্নতমানের ঐতিহ্যবাহী বাঙালি খাবার পরিবেশনের নির্দেশনা থাকলেও তা প্রতিপালন করেননি বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুষ্কলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ১৭.১০.২০১৭ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৯-৪৪০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোহাম্মদ আবদুল খালেক (১০১৬১৫) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দস্ত পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোহাম্মদ আবদুল খালেক (১০১৬১৫), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরশুরাম, ফেনী এর সরকারী কর্মচারী (শুষ্কলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক বর্ণিত কার্যধারা সূচনা করা হয় এবং অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(ক) বিধি অনুযায়ী তিরস্কার লঘু দস্ত আরোপ করা হলো এবং তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ২৪.০৪.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৭-২৭৫/২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৪। উপসচিব (পার-১/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক (শুষ্কলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুষ্কলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। সিভিল সার্জন, ফেনী।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরশুরাম, ফেনী।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ মোহাম্মদ আবদুল খালেক (১০১৬১৫), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরশুরাম, ফেনী।
- ১২। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৯-২৭৮

তারিখঃ ২৮/০৮/২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আব্দুল মতিন (১১১৪৮৭), জুনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোদা, পঞ্চগড় প্রেষণে-এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর গত ০৭.০৮.২০১৬ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুষ্কলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৭.০৩.২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৯-২২০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং তার ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়েছে;

সেহেতু, ডাঃ মোঃ আব্দুল মতিন (১১১৪৮৭), জুনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোদা, পঞ্চগড় প্রেষণে-এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক হওয়ায় এবং তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুষ্কলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমানিত নয় বিধায় তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ২৮/০৮/২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৯-২৭৮/১০৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।
- ৪। উপসচিব (পার-১/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক (শুষ্কলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৭। সিভিল সার্জন, পঞ্চগড়।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ মোঃ আব্দুল মতিন (১১১৪৮৭), জুনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোদা, পঞ্চগড় প্রেষণে-এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর
- ১৩। অফিস কপি।


আব্দুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮